# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-03-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে অনুপ্রবেশ রোধে পশ্চিমবঙ্গ সরকার ইতিবাচক ভূমিকা নিচ্ছে না বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ মন্তব্য করেছেন।

কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য পর্যাপ্ত জমি মিলছে না বলেও তিনি অভিযোগ করেন।

২) ভুয়ো ভোটার নিয়ে নানা অভিযোগ এবং উদ্ভুত পরিস্থিতির মধ্যে আজ স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

৩) লক্ষ্মীর ভান্ডার, কন্যাশ্রী, রূপশ্রী-র মতো প্রকল্প নারী ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কেলগ কলেজে গতকাল বক্তব্য রেখেছেন তিনি।

৪) পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানে কেন্দ্রীয় সরকার ত্রিপাক্ষিক বৈঠকে বসতে চলেছে।

৫) বেলগাছিয়া ভাগাড়ের আবর্জনার স্তুপ ধাপায় সরানোর কাজ পর্যায়ক্রমে শুরু হচ্ছে।

৬) গরম বাড়লেও রাজ্যে এখনই তাপপ্রবাহের সম্ভাবনা নেই বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

oooooooooooooooooooo

অনুপ্রবেশ রোধে পশ্চিমবঙ্গ সরকার ইতিবাচক ভূমিকা নিচ্ছে না বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন। গতকাল লোকসভায় **অভিবাসন এবং বিদেশি নাগরিক সংশোধনী বিলের** জবাবি ভাষণে তিনি বলেন, কাঁটাতারের বেড়া দিতে জমি চেয়ে বারবার চিঠি লেখা হলেও রাজ্য সরকার সাড়া দেয়নি।

বাইট

রাজ্যের শাসক দলের সহায়তায় অনুপ্রবেশকারীরা সহজেই ভারতীয় পরিচয়পত্র পেয়ে সারা দেশে ছড়িয়ে পড়ছে বলেও শ্রী শাহ অভিযোগ করেছেন।

তৃণমূল কংগ্রেস কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর অভিযোগ খারিজ করেছে। দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ান বলেন, অনুপ্রবেশ রুখতে বিএসএফ ব্যর্থ, অথচ আঙ্গুল তোলা হচ্ছে পশ্চিমবঙ্গের দিকে।

উল্লেখ্য গতকাল লোকসভায় বিলটি পাশ হয়েছে।

oooooooooooooooooooo

ভুয়ো ভোটার নিয়ে নানা অভিযোগ এবং উদ্ভুত পরিস্থিতিতে আজ স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস। বিজেপি, সিপিআইএম, কংগ্রেস সহ জাতীয় স্তরের ৬ টি রাজনৈতিক দল এবং রাজ্য স্তরের দুই রাজনৈতিক দল তৃণমুল কংগ্রেস ও সারা ভারত ফরোয়ার্ড ব্লক এর প্রতিনিধিদের বৈঠকে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। বেলা তিনটে নাগাদ ওই বৈঠক শুরু হওয়ার কথা।

ooooooooooooooooooooo

লক্ষ্মীর ভাণ্ডার, কন্যাশ্রী, রূপশ্রীর মতো প্রকল্প রাজ্যে নারী ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। গতকাল অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কেলগ কলেজে বক্তৃতায় তিনি

বলেন কোভিড পরবর্তী সময়ে মহিলাদের হাতে নগদ অর্থ পৌঁছে দিতেই লক্ষীর ভান্ডার প্রকল্পের কথা ভাবা হয়েছিল। সারাজীবন মহিলারা এই অনুদান পাবেন বলে আশ্বাস দিয়েছেন তিনি। রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থার প্রশংসা করে মুখ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্য সাথী কার্ডের মাধ্যমে লাভবান হচ্ছেন কয়েক কোটি মানুষ। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের সাফল্যের কথাও উপস্থিত শ্রোতাদের সামনে তুলে ধরেন তিনি।

বক্তব্যের মধ্যেই আর জি কর কাণ্ডে রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্নের সম্মুখীন হতে হয় মুখ্যমন্ত্রীকে। ওঠে শিল্পায়ন, সাম্প্রদায়িকতা সংক্রান্ত প্রশ্নও। জবাবে মুখ্যমন্ত্রী বলেন, আরজি কর বিচারাধীন বিষয়। একসময় ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী বলেন, এরকম একটি সভায় রাজনীতিকরণের চেষ্টা উচিৎ নয়। এমন আচরণ করে তাঁরা নিজেদের শিক্ষা প্রতিষ্ঠানকেই অসম্মান করছেন বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন। তিনি বলেন, রাজনৈতিকভাবে আটকাতে না পেরেই তাঁকে অপদস্থ করছে বাম-অতিবামরা।

বাইট

অক্সফোর্ডের আওতাধীন কলেজে গিয়ে মুখ্যমন্ত্রী মিথ্যাভাষণ দিয়েছেণ বলে বাম ছাত্র সংগঠন SFI অভিযোগ করেছে। ক্যাম্পাসে গণতন্ত্র, বাংলার শিক্ষা, স্বাস্থ্য, শিল্পের দুরবস্থা নিয়ে প্রশ্ন উঠা স্বাভাবিক বলেও সংগঠনের তরফে জানানো হয়েছে। উল্লেখ্য, গতকাল কেলগ কলেজে মুখ্যমন্ত্রীর ভাষনের সময় Students' Federation of India - United Kingdom এর সদস্যরা প্রতিবাদ জানায়।

মুখ্যমন্ত্রীর লন্ডন সফরের সমালোচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল বারুইপুরে দলের এক কর্মসুচিতে অংশ নিয়ে তিনি বলেন, ব্রিটেনে মমতা ব্যানার্জী যে ভাবে দেশকে অপমান করেছেন তা অত্যন্ত নিন্দাজনক।

বাইট

২০২৪ সালের লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভোট লুঠ করেছে বলেও শুভেন্দু বাবু অভিযোগ করেন। উচ্চ আদালতের অনুমতি

সাপেক্ষে গতকাল বারুইপুরে পুলিশ সুপারের অফিস ঘেরাও কর্মসূচিতে অংশগ্রহণের পর এক জনসভায় অংশ নেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানের লক্ষ্যে প্রায় সাড়ে তিন বছর পর কেন্দ্রীয় সরকার ত্রিপাক্ষিক বৈঠকে বসতে চলেছে।

আগামী দোশরা এপ্রিল দিল্লিতে ওই বৈঠকে স্থানীয় রাজনৈতিক দলের পাশাপাশি সমস্ত অংশীদার ও রাজ্য সরকারকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে এখনও পর্যন্ত জিটিএ কর্তৃপক্ষ এবং পাহাড়ের বর্তমান শাসক দল অনীত থাপার বিজিপিএম-কে বৈঠকে আমন্ত্রণ জানানো হয়নি বলে অভিযোগ। বিজিপিএম নেতৃত্ব ইতিমধ্যেই বিষয়টি নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইটের আলোচনার বিষয়ঃ- ‘প্রধানমন্ত্রীর মরিশাস সফর ও ভারতের বিদেশ নীতি’। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামী রবিবার।

০০০০০০০০০০০০০০০০০০০

মাদ্রাসা সার্ভিস কমিশনের পঞ্চম থেকে অষ্টম শ্রেণির শিক্ষক নিয়োগের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। উচ্চ আদালত এক নির্দেশে জানিয়েছে, আপাতত পঞ্চম থেকে অষ্টম শ্রেণী অর্থাৎ (আপার প্রাইমারি) শিক্ষক নিয়োগের মুল পরীক্ষার ফলপ্রকাশ করা যাবে না। তবে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগে কোন বাধা নেই। পয়লা মে মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooo

রাজ্যের কলেজ বিশ্ববিদ্যালয় গুলিতে ছাত্র সংসদ নির্বাচন কেন হচ্ছে না কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে।

হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ এব্যাপারে অবস্থান স্পষ্ট করতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে।

oooooooooooooooooooo

বেলগাছিয়া ভাগাড়ের আবর্জনার স্তুপ ধাপায় সরানোর কাজ পর্যায় ক্রমে শুরু হয়েছে। সেখানকার আবর্জনা স্তূপ বিজ্ঞানসম্মতভাবে কিভাবে সরানো যায় তার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানা গেছে। হাওড়ার বেলগাছিয়ায় ঘর ছাড়াদের মধ্যে বেশকিছু পরিবারকে কনটেইনারে থাকার যে ব্যবস্থা করা হয়েছে তা নিয়ে প্রশ্ন উঠেছে বিভিন্ন মহলে ।

মাথার উপর পাকা ছাদের দাবী জানাচ্ছেন তারা। সেখানকার বেশ কয়েকটি ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে ইতিমধ্যেই জেলা প্রশাসনের তরফ থেকে ক্ষতিপূরণের চেক খুলে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

oooooooooooooooooooo

দীর্ঘ জটিলতা কাটিয়ে অবশেষে বাঁকুড়ার জয়রামবাটি পর্যন্ত গতকাল পরীক্ষামূলকভাবে ট্রেন চলাচল শুরু হয়েছে। কমিশনার অব রেলওয়ে সেফটির উদ্যোগে বিশেষ ট্রেন নব নির্মিত জয়রামবাটি স্টেশনের মাটি ছুঁতেই উচ্ছ্বাস আর আবেগে ভাসেন জনতা। উপস্থিত ছিলেন জয়রামবাটি মাতৃমন্দিরের সন্ন্যাসীরাও।

উল্লেখ্য, বহুদিন ধরে বিষ্ণুপুর থেকে তারকেশ্বর পর্যন্ত রেলপথ স্থাপনের পরিকল্পনা ছিল রেল দপ্তরের। নানা বাধা কাটিয়ে রেলের ইস্টার্ন সার্কেলের সি আর

এস শুভময় মৈত্রর উপস্থিতিতে এই কাজ সম্পন্ন হয়। শ্রী মৈত্র জানান, লাইন পরীক্ষা করা হয়েছে। কবে থেকে নিয়মিত রেল চলাচল করবে তা রেল কর্তৃপক্ষ ঠিক করবে।

oooooooooooooooooooo

রাজ্যে গরম বাড়লেও এখনই তাপপ্রবাহের কোন সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

বাইট

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬.৩ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের তুলনায় ১ দশমিক ৭ ডিগ্রী বেশি। সর্ব্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রীর আশেপাশ এথাকার সম্ভাবনা।

oooooooooooooooooo

ভূগর্ভস্থ জলের প্রধান সমস্যাগুলি নিয়ে লাগাতার উদ্বেগ প্রকাশ করছে বিভিন্ন পরিবেশ সংগঠন। পানীয় জলের বড় অংশই এখনো সংগৃহীত হয় মাটির তলা থেকে। জলসংকট বিষয়ে বেশ কয়েক বছর ধরেই আন্তর্জাতিক ক্ষেত্রে বিজ্ঞানীরা সতর্ক করে আসছেন। গরম এলেই আমাদের রাজ্যের পশ্চিমাংশে ও উপকূল এলাকায় এই সংকট তীব্র আকার ধারণ করে।

একটি প্রতিবেদন-

( ভয়েসকাস্ট – অভিজিৎ)

ooooooooooooooo

চলতি আর্থিক বছরে উত্তরবঙ্গের বেঙ্গল সাফারি পার্কে তিনটি ব্যাঘ্র শাবকের জন্ম হয়েছে। সাফল্য এসেছে এশিয়াটিক সিংহ প্রজননেও। রাজ্যের বনমন্ত্রী বীরবাহা হাসদা গতকাল সাফারি পার্ক পরিদর্শন করে এই খবর জানিয়েছেন। এই সময় বেঙ্গল সাফারি পার্কের আয়ও বৃদ্ধি পেয়েছে বলে বন দপ্তর এক প্রেস বিবৃতিতে জানিয়েছে। বিবৃতিতে আরো বলা হয়েছে যে গত বছর ত্রিপুরার সিপাহী জলা

চিড়িয়াখানা থেকে একজোড়া সিংহ দম্পতিকে এই পার্কে আনা হয়েছিল। সুরজ ও তনয়া নামের ওই দম্পতি দুটি শাবকের জন্ম দেয়। পরবর্তীকালে একটি শাবকের মৃত্যু হয়। বেঁচে থাকা শাবকটির নামকরনের জন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানানো হবে বলে দপ্তরের আধিকারিকরা জানিয়েছেন। বর্তমানে বেঙ্গল সাফারিতে **১১**টি বাঘ রয়েছে।

oooooooooooooooooo

oooooooooooooooooooo